

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


বিষয়: রংপুর সিটি কর্পোরেশনে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর শূন্য পদে ০১ (এক) জন ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) শূন্য পদে ০১ (এক) জন কর্মকর্তা প্রেষণে পদায়ন বিষয়ক।

সূত্র: রংপুর সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১৮.০০০০.১০১.১০.০০১.২৪-৬৯০৪ ও ৬৯০৬, তারিখ: ২১ জানুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নবগঠিত রংপুর সিটি কর্পোরেশন বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম সিটি কর্পোরেশন যা ৩৩ টি ওয়ার্ড নিয়ে গঠিত এবং আয়তন ২০৫ বর্গ কিঃমিঃ। এ সিটি কর্পোরেশনে ৩৩ টি ওয়ার্ডে বিভিন্ন উন্নয়নমূলক, সেবামূলক, বর্জ্য ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়। বিভিন্ন যানবাহন যেমন- এ্যাম্বুলেন্স, ময়লা আবর্জনা পরিষ্কার করণ ট্রাক, জীপগাড়ী ও অন্যান্য গাড়ী পরিচালনার জন্য এ সিটি কর্পোরেশনে ০১ (এক) জন সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ও নির্বাহী প্রকৌশলী দ্বারা পরিচালনা করতে অসুবিধা হচ্ছে। উক্ত যানবাহন সুষ্ঠুভাবে পরিচালনা করতে ০১ (এক) জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ০১ (এক) জন নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)-কে প্রেষণে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রংপুর সিটি কর্পোরেশন হতে অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, রংপুর সিটি কর্পোরেশনের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে ০১ (এক) জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও ০১ (এক) জন নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)-কে প্রেষণে রংপুর সিটি কর্পোরেশনে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


২১/০১/২০২৪

মোঃ আব্দুর রাফিউল আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল: lgcc2@lgd.gov.bd

অতিরিক্ত সচিব (উন্নয়ন)

স্থানীয় সরকার বিভাগ।

ইউ, ও নোট নং-৪৬.০০.০০০০.০৭১.১১.০০৫.১৩-৮৩

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৪